ঐক্য আসে না–তা বাতিল। প্রকৃতপক্ষে মুসলিমগণ খিলাফাহ’র মাধ্যমেই ঐক্যবদ্ধ হন। আমরা যদি ইতিহাসের পাতা খুলি তাহলে দেখতে পাই, পৃথিবীতে মুসলিমদের অনেকগুলো সালতানাত গড়ে উঠেছিল কিন্তু সেসব সালতানাতের সুলতানগণ মুসলিমদের খলীফাহ’র কাছে বাইআতবদ্ধ হওয়া ও তাদের আনুগত্য মেনে নেওয়ার মাধ্যমে ঐক্যবদ্ধ থেকেছেন। আপনি সেলজুক সম্রাজ্যের দিকে দৃষ্টিপাত করুন, গজনবী সম্রাজ্যের দিকে দৃষ্টিপাত করুন, পৃথক পৃথক সালতানাতের অধিকারী হওয়া সত্ত্বেও তারা ঐক্যবদ্ধ হয়েছেন খলীফাহ’র অধীনে। যুগ যুগ ধরে খিলাফাহ এবং খলীফাহ’ই ছিলেন মুসলিম উম্মাহ’র ঐক্যের প্রতীক–এর ভূরি ভূরি উদাহরণ বিদ্যমান। (বইটির কলেবর বৃদ্ধি হওয়ার ভয়ে তা উল্লেখ করছি না)। আবু সুলাইমান কি এই ঐতিহাসিক সত্যকে অস্বীকার করবে? সে কি তার কয়েকটি কথা দ্বারা এই ঐতিহাসিক সত্যটিকে ধামাচাপা দিতে পারবে বা লুকাতে পারবে? সে কখনো এগুলোকে আড়াল করতে পারবে না। সে বা তার নব্য অনুসরণীয় শাইখ(!)রা যতই অপপ্রচার চালাক না কেন মুসলিম উম্মাহ তাতে কর্ণপাত করেও নি আর আল্লাহর ইচ্ছায় করবেও না। মুজাহিদগণ যদি তাদের চেঁচামেচি বিবেচনায় নিত তবে অধিকাংশ মুজাহিদগণ খিলাফাহ’র সারিতে যোগদান করত না। আমরা খিলাফাহ’র বিরোধিতাকারীদের উদ্দেশ্যে বলতে চাই, তোমরা যত পার এর বিরুদ্ধে ষড়যন্ত্র কর আর কোন অবকাশ দিও না। আল্লাহই এই মাজলুম দাওলাতুল খিলাফাহ’র জন্য যথেষ্ট। হক্বপন্থিদের বিরুদ্ধে তোমাদের ষড়যন্ত্র কোনই কাজে আসবে না। বরং তোমরা নিশ্চিহ্ন হয়ে যাবে, নিক্ষিপ্ত হবে ইতিহাসের আঁস্তকুড়ে। আর দাওলাতুল খিলাফাহ টিকে আছে (আল্লাহর অনুগ্রহে) এবং টিকে থাকবে বি-ইযনিল্লাহ। দাওলাতুল খিলাফাহ ইতিহাসের সোনালী অধ্যায় হিসেবে ক্বিয়ামত পর্যন্ত অবিস্মরণীয় হয়ে থাকবে ইনশা’আল্লাহ।

প্রিয় পাঠক! আমরা ইতোমধ্যেই আবু সুলাইমানের বর্ণিত মনগড়া মূলনীতি বাতিল প্রমাণিত করেছি। এখন আমরা তার মনগড়া মূলনীতির বাদবাকি কিছু বাস্তবতা নিয়ে আলোচনা করব ইনশা’আল্লাহ। তাহলে চলুন একটি ঘটনার দিকে দৃষ্টিপাত করা যাক! সেই ঘটনাটি হল- উসমান رضي الله عنه -এর মৃত্যু পরবর্তী আলী ইবনে

আবী তালিব رضي الله عنه -এর খিলাফাহ’র দায়িত্বভার গ্রহণের ঘটনা। মুসলিমদের তৃতীয় খলীফাহ উসমান رضي الله عنه ঘাতকের হাতে নিজ বাড়িতেই নিহত হন। মুআবিয়া رضي الله عنه সহ অনেকেই উসমান হত্যার বিচারের দাবিতে সোচ্চার হন। আহলুল হাল্লী ওয়াল-আকদের ব্যক্তিবর্গের একাংশ আলী ইবনে আবী তালিব رضي الله عنه কে বাইআত প্রদান করেন। তিনি খিলাফাহ’র দায়িত্ব নেন। কয়েকজন বদরী সাহাবীসহ অনেক বড় বড় সাহাবীগণও তাকে বাইআত দেননি। যারা তাকে খলীফাহ হিসেবে বাইআত দেননি তাদের মধ্যে জান্নাতের সুসংবাদপ্রাপ্ত সাহাবীগণও ছিলেন। তাদের দাবি ছিল আগে উসমান হত্যার বিচার হবে এরপর খলীফাহ নির্ধারণ করা হবে।

প্রিয় ভাই! আলী رضي الله عنه-এর বিরোধিতাকারীদের দাবির বাস্তবতা ছিল খলীফাহ নিয়োগ কিছুটা বিলম্বিত হয় হোক কিন্তু খলীফাহ নিয়োগের আগে উসমান رضي الله عنه -এর হত্যার বিচার হবে। আপনি লক্ষ্য করুন! সাহাবীগণের মধ্যে মতানৈক্য হয়েছে। তারপরেও আলী رضي الله عنه খিলাফাহ’র দায়িত্ব নিয়েছেন এবং সবাইকে তার অধীনে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়েছেন। আলী رضي الله عنه কিন্তু আবু সুলাইমানের মত অনুযায়ী(!) একে অপরের প্রতি আস্থা ফিরিয়ে আনার কাজে নেমে পড়েন নি। তিনি কিন্তু আস্থা ফিরিয়ে আনার জন্য খলীফাহ নির্ধারণের পূর্বে উসমান হত্যার বিচার করেন নি। আলী رضي الله عنه -এর শাসনকালে চরম মতানৈক্য ছিল তথাপি খিলাফাহ প্রতিষ্ঠিত ছিল। আল্লাহর রাসুল ﷺ -এর হাদিস অনুযায়ী তার খিলাফাহ ছিল নবুওয়াতের আদলে খিলাফাহ। আর তিনি ছিলেন খুলাফায়ে রাশিদাহ’র অন্তর্ভুক্ত। আমরা এমন একজনের ব্যাপারে বলছি যার শানে রাসুল ﷺ বলেছেন, “তুমি কি এতে খুশী নও যে, তোমার সম্মান আমার নিকট তেমন মুসার নিকট হারূন যেমন।”[74] রাসুলুল্লাহ ﷺ আলীর উদ্দেশ্যে আরো বলেছেন, “হে আল্লাহ! আমি যার অভিভাবক ও পৃষ্ঠপোষক, আলীও তার অভিভাবক ও পৃষ্ঠপোষক। হে আল্লাহ! যে তার সাথে সম্পর্ক রাখবে, আপনি তার সাথে সম্পর্ক বজায় রাখুন। আর যে তার সাথে শত্রুতা করবে, আপনিও তার সাথে শত্রুতা বজায় রাখুন।”[75] আমরা আলী

[74] সহীহ মুসলিম

[75] আহমাদ

ইবনে আবী তালিব ﵁ -এর উল্লেখিত কর্মে ‘একে অপরের প্রতি আস্থা ফিরিয়ে আনার’ কী বাস্তবতা পেলাম? অথচ আস্থা ফিরিয়ে আনতে দরকার ছিল উসমান ইবনে আফফান ﵁ হত্যার বিচার করা! তিনি কি তা করেছেন? তিনি তা করেন নি। কারণ ‘আস্থা ফিরিয়ে আনার মাধ্যমে ঐক্য আসে আর ঐক্যের মাধ্যমে আসে খিলাফাহ’– এমন কথা আল্লাহ এবং তার রাসুল ﷺ বলেন নি। সুতরাং আবু সুলাইমানের মূলনীতিটি একটি নতুন সৃষ্ট বিদআতী মূলনীতি, একটি মনগড়া মূলনীতি–কুরআন এবং সুন্নাহ’তে যার কোন অস্তিত্ব নেই। আলী ﵁ জানতেন যে, মুসলিমগণ ঐক্যবদ্ধ হবেন একজন খলীফাহ’র কথা শোনা-মানার মাধ্যমে একে অপরের প্রতি আস্থা ফিরিয়ে আনার মাধ্যমে নয়। তাই প্রথমে বাইআত গ্রহণ করেন এবং তারপর উসমান ইবনে আফফান ﵁ হত্যার বিচারের আশ্বাস দেন। আলী ইবনে আবী তালিব ﵁ -এর খিলাফাহ’র সময়কালে চরম মতানৈক্য ও একে অপরের রক্তঝরানো সত্ত্বেও তার খিলাফাহ ছিল নবুওয়াতের আদলে খিলাফাহ। মতানৈক্য থাকার কারণে কিন্তু তার খিলাফাহ বাতিল হয়ে যায়নি। আমাদের মনে হয় আবু সুলাইমানের মত লোকজনও আলী ﵁ -এর খিলাফাহ বাতিল–একথা বলার সাহস করবে না।

দাওলাতুল ইসলাম শারীয়াহ’র নির্দেশিত পদ্ধতিতে মুসলিমগণকে ঐক্যবদ্ধ করতে সর্বদা সচেষ্ট। একারণেই তারা একজন খলীফাহ নির্ধারণ করেছেন যেন মুসলিমগণ ঐক্যবদ্ধ হতে পারেন তার অধীনে। এমনকি এখনো যারা খলীফাহ’র অধীনে ঐক্যবদ্ধ হয়নি তাদেরকে দলিল ও প্রমাণের মাধ্যমে ঐক্যবদ্ধ হওয়ার জন্য দরদমাখা আহ্বান করেই যাচ্ছে। দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ গঠন থেকে নিয়ে আজ অব্দি পরিপূর্ণভাবে আল্লাহর আদেশ-নিষেধ মানা এবং কর্তৃত্বাধীন যমীনে পরিপূর্ণ শারীয়াহ বাস্তবায়নের মাধ্যমে দাওলাতুল ইসলাম মুসলিমগণের আস্থা ধরে রাখতে সক্ষম হয়েছে–আলহামদুলিল্লাহ। দাওলাহ এবং এর সন্তানগণ কখনোই এমনটা মনে করে না যে, ‘আস্থা ফিরিয়ে আনার মাধ্যমে ঐক্য আসবে এবং ঐক্যের মাধ্যমে আসবে খিলাফাহ।’ তারপরেও তারা আল্লাহকে সন্তুষ্ট করার মাধ্যমে মুসলিমগণের আস্থা অর্জন করে নিয়েছেন। “যখন আল্লাহ তা’আলা কোন বান্দাকে

ভালোবাসেন, তখন জিবরীল عليه السلام কে ডেকে বলেন যে, আমি অমুক ব্যক্তিকে ভালোবাসী, তুমিও তাকে ভালোবাসো। অতঃপর জিবরীল عليه السلام -ও তাকে ভালোবাসতে থাকেন এবং আসমানে ঘোষণা করে দেন যে, আল্লাহ তা’আলা অমুক ব্যক্তিকে ভালোবাসেন, তোমরাও তাকে ভালোবাসো। তখন আসমানের অধিবাসীরাও তাকে ভালোবাসতে শুরু করে। অতঃপর সে বান্দার জন্য যমীনেও স্বীকৃতি স্থাপন করা হয়। আর যখন আল্লাহ তা’আলা কোন বান্দাকে ঘৃণা করেন, তখন জিবরীল عليه السلام কে ডেকে বলেন যে, আমি অমুক বান্দাকে ঘৃণা করি, তুমিও তাকে ঘৃণা করো। অতঃপর জিবরীল عليه السلام -ও তাকে ঘৃণা করেন এবং আসমানে ঘোষণা করে দেন যে, আল্লাহ তা’আলা অমুক ব্যক্তিকে ঘৃণা করেন, তোমরাও তাকে ঘৃণা করো এবং আসমানবাসীরাও তার প্রতি ঘৃণা পোষণ করে। অতঃপর তার জন্য যমীনেও ঘৃণা স্থাপন করা হয়।”[76] দাওলাতুল ইসলাম শারয়ী পদ্ধতি অনুসরণ করে মুসলিমগণের আস্থা ধরে রেখেছে, যার প্রমাণ হল - দাওলাতুল ইসলাম খিলাফাহ ঘোষণা করার পর অনেক অপপ্রচার সত্ত্বেও সকল অঞ্চলের মুজাহিদগণ একে বাইআত প্রদান করেছেন। এর থেকে আস্থার আর বড় প্রমাণ কী হতে পারে?

প্রিয় পাঠক! দ্বীনের কিছু বিষয়ে আপোষ করে কিছু বিষয়ে ছাড় দিয়ে গণতন্ত্রপন্থি, সেকুলারপন্থি, জাতীয়তাবাদী, আরব জোটের অনুসারী এবং অন্যান্য সাহওয়াতদের সাথে তাল মিলিয়ে চলার নাম আস্থা অর্জন করা নয়। যদি আবু সুলাইমান আশা করে থাকে যে, যারা মনে করে এখনই খিলাফাহ প্রতিষ্ঠা করার সময় না এবং উপরে উল্লেখিত দলগুলো দাওলাহ’র উপর আস্থা রাখবে এমন কাজ দাওলাতুল ইসলামের করা উচিৎ ছিল! তবে ভালোভাবে মনে রাখবেন, দাওলাহ এমন কাজ করে না যাতে স্রষ্টা অসন্তুষ্ট হন আর এমন এই কল্পিত আস্থার ধারও ধারে না। কারণ দাওলাতুল ইসলামের দূরদর্শী নেতৃবৃন্দ খুব ভালোকরেই জানেন যে, আক্বীদাহ-মানহাজকে এক পাশে রেখে এই খিচুড়ি মার্কা আস্থার পরিণাম ৮০ এর দশকে আফগান যুদ্ধের মত হতে বাধ্য। এই কল্পিত আস্থা নামক মরীচিকার পিছনে ছুটে ডাক্তার সাহেব চরম হোঁচট খেয়েছেন। তিনি তিউনিসিয়ায় হোঁচট খেয়েছেন,

[76] মুসলিম

লিবিয়ায় হোঁচট খেয়েছেন এবং শামেও হোঁচট খেয়েছেন। এই কল্পিত আস্থা অর্জনের লক্ষ্যে চলতে গিয়ে আল-কায়দার দু'টি ফ্রন্ট একেবারেই শেষ। আরেকটি বিলুপ্ত প্রায়—তাদের মিত্রদের আস্থার (!!!) কারণে। শারয়ী পদ্ধতিতে আস্থা তৈরি করতে মনোযোগী না হওয়ার এক নির্মম পরিণাম ভোগ করছে যাওয়াহিরী ও তার পরিবর্তিত আল-কায়দা—والقادم أدهى وأمر بإذن الله

সম্মানিত ভাই! আমরা আবারো আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, যেকোনো ঐক্যের মাধ্যমে খিলাফাহ আসে না। এব্যাপারে সর্বশেষ একটি ঘটনা উদাহরণ হিসেবে উল্লেখ করব। আপনিই বলুন, সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে আফগানিস্তানে যে সকল দল যুদ্ধ করেছিল তাদের মাঝে কি আস্থা ছিল না? তাদের মাঝে কি ঐক্য ছিল না? আবু সুলাইমানই তো তার চিঠিতে সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে যুদ্ধকারীদেরকে ঐক্যের প্রতীক হিসেবে উপস্থাপিত করতে চেয়েছে! তাহলে কেন সোভিয়েত ইউনিয়নের পতনের পর খিলাফাহ প্রতিষ্ঠা হয়নি? কেন হয়নি? কেন? কারণ আবু সুলাইমানের নতুন সৃষ্ট (বিদআতী) মূলনীতি সঠিক নয়। শারয়ী মানদণ্ডেও সঠিক নয় এবং প্র্যাক্টিক্যালীও সঠিক নয়। সবদিক থেকেই তার মনগড়া মূলনীতিটি বাতিল। এর বিপরীতে খিলাফাহ'র মাধ্যমেই ঐক্য আসে। এব্যাপারটি শারয়ী মানদণ্ডে উত্তীর্ণ, সাহাবীগণের কথা এবং কর্মে বাস্তবায়িত। আর সালাফগণও এ পথেই চলেছেন। ঐতিহাসিক ঘটনাবলিও এর স্বপক্ষে প্রমাণ বহন করে। খিলাফাহ'র মাধ্যমেই ঐক্য আসে—এই চির সত্যটি বর্তমান সময়েও পৃথিবীবাসীর সামনে উদ্ভাসিত। আমীরুল মু'মিনীন আবু বকর আল-বাগদাদী رحمه الله থেকে আমীরুল মু'মিনীন আবু হাফস আল-হাশিমী حفظه الله -এর অধীনে পৃথিবীর পশ্চিম থেকে পূর্ব পর্যন্ত মুসলিমগণ ঐক্যবদ্ধ আছেন সীসাঢালা প্রাচীরের ন্যায়, ঐক্যবদ্ধ আছেন এক দেহের ন্যায়। আর এমন ঐক্য ও সংহতি দেখে শত্রুরা ক্রোধে জ্বলে পুরে মরছে। তাই আমরা শত্রুদের বলি, موتوا بغيظكم!

চিঠির বক্তব্যঃ "বিষয়টি যদি খিলাফাহ মানা না মানার দ্বন্দ্বের মধ্যে সীমাবদ্ধ থাকত তাহলেও হয়তো কিছু আশার আলো বাকি থাকতো। কিন্তু কারণ শুধু খিলাফাহ বা বাইয়াহ বা তামকীন অর্জন কেন্দ্রীক দ্বন্ধ এর আগেও ছিল। স্বয়ং

সাহাবীদের সময়ও অনেক রক্তপাত হয়েছে এ নিয়ে। কিন্তু বিষয়টা শুধু যুদ্ধের মধ্যে সীমাবদ্ধ থাকলো না। এর চেয়ে হাজার গুণ বড় ফিতনা গ্রাস করল প্রায় সবাইকে। তা হল ‘তাকফীর ও তাবদী’ (কাউকে বিদআতী যেমন খারিজি বলা)।”

জি হ্যাঁ! বিষয়টি যদি খিলাফাহ মানা না মানার দ্বন্দ্বের মধ্যে সীমাবদ্ধ থাকত তাহলেও হয়তো কিছু আশার আলো বাকি থাকত। কারণ শুধুমাত্র কোন একজন খলীফাহ’কে বাইআত দেওয়া না দেওয়া নিয়ে দ্বন্দ্ব বা তামকীন অর্জন কেন্দ্রিক দ্বন্দ্ব এর আগেও ছিল। এমনকি সাহাবীগণের যুগেও ছিল। অনেক রক্তপাত হয়েছে এ নিয়ে। কিন্তু বিষয়টা শুধু যুদ্ধের মধ্যে সীমাবদ্ধ থাকলো না।

আবু সুলাইমান সবকিছু জেনে বুঝেও না বুঝার ভান ধরেছে। সে যেহেতু বেঙ্গল অঞ্চলে দাওলাহ’র একজন বড় দায়িত্বশীল ছিলো তাই সে যখন কোন মিথ্যাচার করবে দাওলাহ’র বিরুদ্ধে তখন অন্য যে কেউ কিছুটা বেশি সন্দেহ প্রবণ হবে। এটা একটা স্বাভাবিক বিষয়। আমরা পাঠকদের প্রশ্ন করতে চাই, দাওলাতুল ইসলামের সৈনিক এবং আল-কায়দার সাধারণ অনুসারীরাও কি জানে না যে, দাওলাহ এবং আল-কায়দার মাঝে পার্থক্য হল আক্বীদাগত পার্থক্য এবং মানহাজগত পার্থক্য? এটা কে না জানে? দাওলাহ এবং আল-কায়দার মাঝে কয়েকটি স্থানে লড়াই হচ্ছে তা আক্বীদাহ এবং মানহাজগত পার্থক্যের কারণে সৃষ্টি হয়েছে। এই বিষয়টা আবু সুলাইমান আরো ভালভাবে জানে, কারণ আমাদের সাবেক মুখপাত্র শাইখ আবু মুহাম্মাদ আল-আদনানী رحمه الله অনেকবার বলেছেন যে, ‘দাওলাহ এবং আল-কায়দার মধ্যে দ্বন্দ্ব কে কাকে বাইআত দিল আর কে কার বাইআত ভঙ্গ করল তা নিয়ে নয় বরং আমাদের দ্বন্দ্ব হল মানহাজগত দ্বন্দ্ব’। আর আবু সুলাইমান তো দীর্ঘ সময় এই কথা মানুষকে বুঝানোর মাধ্যমেই অতিবাহিত করেছে। সুতরাং যে কেউ বুঝতে পারছেন যে, আবু সুলাইমান জেনে-বুঝেও বিষয়টি বেমালুম চেপে গেছে।

সম্মানিত ভাই! আল-কায়দার সাথে দ্বন্দ্ব এবং সংঘাতের বিষয়টি শুধুমাত্র এভাবে বোঝা যাবে না যে, কে আগে যুদ্ধ শুরু করেছে? বা আল-কায়দার পক্ষ থেকে খিলাফাহ মেনে নেয়নি। বর্তমানের যে পরিবর্তিত আল-কায়দাকে দেখছেন—এর

আক্বীদাহ-মানহাজ যখন আমরা আপনাদের সামনে উপস্থাপিত করব তখনই আপনার সহজে বুঝে ফেলবেন যে, এ লড়াই আক্বীদাহ'র লড়াই। এ লড়াই মানহাজের লড়াই। এ লড়াই হক্ব বাতিলের লড়াই। ব্যাপারটি আর কেবলই যুদ্ধের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি। **বরং এর চেয়ে হাজারগুণ বড় ফিতনা গ্রাস করল তালেবান ও তালেবানের অনুসারী আল-কায়দাকে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা আল-ওয়ালা ওয়াল-বারা'র মত মহান আক্বীদাহ'কে ধ্বংস করেছে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা আম্মাজান আয়িশা رضي الله عنها কে গালি দানকারী এবং অপবাদ আরোপকারীদেরকে নিরাপত্তা দিয়ে যাচ্ছে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা আবু বকর, ওমার, উসমান رضي الله عنهم সহ অধিকাংশ সাহাবীগণকে তাকফীরকারী এবং লা'নতকারীদের নিরাপত্তা দিচ্ছে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা উইঘুরে মুসলিমদের নির্যাতনকারী এবং রাখাইনে মুসলিমদের নির্যাতনকারীদের মদদদাতা চীনের সাথে বন্ধুত্ব স্থাপন করেছে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা আল্লাহর রাসুল ﷺ কে নিয়ে ব্যঙ্গ ও কটূক্তিকারী ফ্রান্সের সাথে বন্ধুত্ব স্থাপন করতে চায়। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা জাতীয়তাবাদী স্বাধীনতা দিবসে স্বাধীনতা সৌধে ফুলেল শ্রদ্ধা জানায়–শারয়ী বাক্যে এভাবে বলা হবে, যারা খাম্বা পূজা করে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা ICC ক্রিকেট খেলার বৈধতা দেয়।** ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা জাযিরাতুল আরবে ফিফা ওয়ার্ল্ড কাপ সফলভাবে আয়োজনের জন্য কাতারকে ধন্যবাদ জানিয়েছে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা আফগান, শাম, সোমালিয়ায় মুসলিমদের হত্যাকারী তাগুত এরদোগানকে মহান মুসলিম আলেম হিসেবে আখ্যায়িত করে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা শিরকী চিহ্ন ও স্থাপনাসমূহ রক্ষা করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে–ইতিহাস এবং ঐতিহ্যের বাহনা দিয়ে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা গণতান্ত্রিক বিপ্লবের দিকে আহ্বান করে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা মুরতাদদের সাথে জোটবদ্ধ হয়ে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করে। ফিতনা গ্রাস করেছে তাদেরকে যারা বারো ইমামে বিশ্বাসী রাফিদীদের হত্যা করার কারণে নিন্দা জ্ঞাপন করে। ফিতনা তাদেরকে গ্রাস করেছে যারা বিপাদপদের সময় পদস্খলিত হয়েছে এবং যারা মুসলিমদের খলীফাহ'র বাইআত ভঙ্গের মাধ্যমে জাহিলিয়্যাতের মধ্যে পতিত

হয়েছে। চলুন কিছুটা গোছালো ও বিস্তারিতভাবে জেনে নেই ফিতনাগ্রস্থ হওয়ার কিছু চিত্র। প্রথমেই আসি তালেবান প্রসঙ্গেঃ

◆বড় ফিতনা গ্রাস করেছে আল-কায়দার উমারা তালেবানকে।

আমরা বিগত সময়গুলোতে দেখেছি এবং এখনো দেখছি, তালেবান জাতিসংঘের সাথে সুসম্পর্ক করার ঘোষণা দিয়েছে, জাতিসংঘের প্রচারপত্র রক্ষা করার ঘোষণা দিয়েছে এবং তালেবান জাতিসংঘে অন্তর্ভুক্ত হওয়ার ইচ্ছা প্রকাশ করেছে। এরই পরিপ্রেক্ষিতে তালেবান সুহাইল শাহীনকে জাতিসংঘের স্থায়ী প্রতিনিধি নিয়োগ দিয়েছে।

প্রিয় ভাই! জাতিসংঘের সাথে তালেবানের এই দহরম-মহরমের বিষয়টি তো আমরা তালেবানের বিভিন্ন নেতা আর তালেবানের অফিসিয়ালি ওয়েবসাইট থেকেই জানতে পেরেছি। তালেবান তাদের একাজগুলোকে ভুল তো মনে করেই না উপরন্তু তারা এগুলো গর্বের সাথে প্রকাশ করে।

জাতিসংঘ সংস্থাটি প্রতিষ্ঠাই হয়েছে ইসলাম ও মুসলিমদের নিঃশেষ করার জন্য, অশ্লীলতা প্রচার করার জন্য, ইসলামী শারীয়াহ’কে বিলুপ্ত করার জন্য। আমরা জানি যে, এই শতাব্দীর মুজাহিদ আলেমগণ আরবের শাসকদেরকে তাকফীর করার অন্যতম একটি কারণ হচ্ছে জাতিসংঘে তাদের অন্তর্ভুক্ত হওয়া। বিশেষত আল-কায়দার অনেক শাইখ সৌদি, কাতার, কুয়েত–এই সমস্ত দেশের শাসকদের যেসকল কুফরির কারণ বর্ণনা করেছেন এর একটি হচ্ছে জাতিসংঘে অন্তর্ভুক্ত হওয়া। কারণ জাতিসংঘ হচ্ছে একটি কুফরি জোট। জাতিসংঘ হচ্ছে তাগুত। এই জাতিসংঘ মুসলিমদের মুরতাদ হওয়ার আহ্বান করে। এই জাতিসংঘ আল্লাহর শারীয়াহ বাদ দিয়ে মানব রচিত আইন দ্বারা শাসন করার আহ্বান করে। এই তাগুতী সংস্থা অশ্লীলতা ও বেহায়াপনার দিকে আহ্বান করে। জাতিসংঘের সদস্য হওয়ার ব্যাপারে ডাক্তার আইমান আয-যাওয়াহিরী বলেন, “এটা এমন এক সংস্থা যা আল্লাহর শারীয়াহ’র প্রতি দায়বদ্ধ নয়, ধর্মহীনতা ও মুরতাদ হওয়ার আহ্বান জানায় এই সংস্থা, ইসলাম ও মুসলিমদের নাবী মুহাম্মাদ ﷺ কে গালি দেওয়া এবং

মুসলিমদের প্রতি শত্রুতা করাই এই সংস্থার চরিত্র। ইসলামী শারীয়াহ'র প্রতি ভালবাসা পোষণকারী, রিদ্দাহ ও ধর্মহীনতায় নাখোশ, এসবে বারণকারী, আল্লাহর দ্বীন ও নাবী ﷺ -এর প্রতি অঙ্গীকারাবদ্ধ এবং মুসলিম ভাইদেরকে সাহায্য করার আকাঙ্ক্ষা লালনকারী কোন মুসলিমের পক্ষে কিভাবে এই জাতিসংঘের সদস্য হওয়াটা মেনে নেওয়া সম্ভব? কিভাবে সম্ভব?"[77]

শাইখ সুলাইমান আল-উলওয়ান ﷾ বলেন, "অতঃপর শারয়ী কিছু হুদুদ এবং সুনির্দিষ্ট অংশ অপসারণের ব্যাপারে জাতিসংঘের চুক্তিগুলো মেনে নেয়া। উদাহরণস্বরূপ জিহাদকে অপরাধ সাব্যস্ত করা। প্রতিটি এমন দেশ যারা জাতিসংঘের চুক্তিসমূহ মেনে চলে, তাদের জিহাদ আত-ত্বলাব তথা আক্রমণাত্মক জিহাদকে অপরাধ সাব্যস্ত করা আবশ্যক হয়। আল্লাহর ফরজ বিধানসমূহের মধ্য থেকে একটি ফরজ বিধানকে অপরাধ সাব্যস্ত করা–কোন মুসলিম এব্যাপারে দ্বিমত পোষণ করবে না যে, এটি একটি ঈমান ভঙ্গকারী বিষয়।"

আমরা জানি যে, তালেবান ২০২১ সালের ১৫ ই আগষ্ট আফগানিস্তানের ক্ষমতা দখলের দিন কয়েক পরে জাতিসংঘে যাওয়ার জন্য আবেদন করে। যার পরিপ্রেক্ষিতে তালেবানের পক্ষ থেকে জাতিসংঘে কথা বলার জন্য সুহাইল শাহীনকে প্রতিনিধি হিসেবে নিয়োগ দেওয়া হয়। কিন্তু আমরা দেখেছি, জাতিসংঘের পক্ষ থেকে এখনই তালেবানকে গ্রহণ করেনি বিধায় তালেবান জাতিসংঘের অধিবেশনে যেতে পারছে না। কিন্তু যখন জাতিসংঘ এব্যাপারে সম্মতি দিবে তখন তালেবান জাতিসংঘে যাবে। যার জন্য তালেবান সুহাইল শাহীনকে জাতিসংঘের স্থায়ী প্রতিনিধি হিসেবে নিয়োগ দিয়ে রেখেছে।

এখন কেউ বলতে পারে, মোল্লা ওমার ﵀ -এর সময় তো তালেবান জাতিসংঘের স্বীকৃতি চেয়েছিল। আমরা বলি, প্রথমতঃ স্বীকৃতি চাওয়ার আলোচনা উঠা আর জাতিসংঘে যোগদান করার জন্য প্রতিনিধি নিয়োগ করা এক বিষয় নয়। এরপরেও আমরা ইউসুফ আল-উআইরী ﵀ -এর বক্তব্যটি এখানে নক্বল করছিঃ

[77] নাসীহাতুল উম্মাতিল মুওয়াহহিদাহ বি-হাক্বীকতিল উমামিল মুত্তাহিদাহ

তিনি বলেছেন, “যখন আমি মুফতি নিজাম উদ্দীন শামজাইকে জিজ্ঞাসা করলাম, আমরা শুনেছি যে, তালেবান জাতিসংঘে যোগদানের জন্য অনুরোধ করেছে, (এটা কি সত্য)? - তিনি উত্তর দিলেন, হ্যাঁ, এটা সত্য। আমি নিজে এবং কয়েকজন উলামা গিয়ে আমীরুল মু’মিনীনকে পরামর্শ দিলাম। তাই তিনি (আমীরুল মু’মিনীন) বললেন, আমি (ইসলামী ইমারাতের) স্বীকৃতি ছাড়া আর কিছুই চাই না এবং আমরা শুধুমাত্র তাদের আইন থেকে সেই আইন প্রয়োগ করব যা শারীয়াহ’র সাথে সামঞ্জস্যপূর্ণ। তাই আমরা তাকে বলেছিলাম, আজকের বাস্তবতায় এটা সম্ভব নয়- শুধুমাত্র জাতিসংঘে প্রবেশ করাই কুফর, কুফরি প্রবিধান থেকে তারা যা বাধ্যতামূলক করে তার কারণে। তাই আমরা তাকে ছেড়ে দিলাম এবং সে সন্দেহ ও অনিশ্চিত রয়ে গেল। এবং এই বছর যখন আমরা তাকে দেখতে গিয়েছিলাম, তখন আমরা দেখতে পেয়েছি যে, এই ধারণাটি তার মনের মধ্য থেকে মুছে গেছে।” সুতরাং শাইখ এখানে উল্লেখ করেছেন, কেবলমাত্র জাতিসংঘে প্রবেশ করাই একটি কুফরির কারণ। আর তৎকালীন আল-কায়দার শাইখগণ যখন এ বিষয়টি শুনেছেন তখন তারা উদ্বেগ প্রকাশ করে বিষয়টি যাচাই করেছেন। কিন্তু যখন মোল্লা মুহাম্মাদ ওমার رحمه الله স্বীকৃতির বিষয়টিও মাথা থেকে ঝেড়ে ফেলেন তখন বাকিরা সকলেই স্বস্তি অনুভব করেন।

এখন কেউ বলতে পারে যে, মোল্লা ওমার رحمه الله তো জাতিসংঘের স্বীকৃতি চাওয়ার কথা বলেছিল। এক্ষেত্রে পার্থক্য কোথায়? পার্থক্য হচ্ছে- মোল্লা মুহাম্মাদ ওমার رحمه الله যখন জাতিসংঘের স্বীকৃতি চাওয়ার কথা বলেছিলেন তখনই মুহাক্কীক্ব কিছু আলেম মোল্লা ওমার رحمه الله -এর সাথে সাক্ষাৎ করে জাতিসংঘে যোগদানের ভয়াবহতা সম্পর্কে তাকে অবহিত করেন। তারা মোল্লা ওমার رحمه الله কে বুঝাতে সক্ষম হন যে, জাতিসংঘে প্রবেশ করা কুফর। তখন তিনি এ থেকে বিরত থাকেন। এখানে একজন ব্যক্তি একটি কাজের কথা চিন্তা করেছে কিন্তু যখন এই কাজের ব্যাপারে শারয়ী হুকুম তাকে অবহিত করা হয়েছে তখন সে এই কাজ করার চিন্তাই বাদ দিয়েছে। ঠিক মোল্লা ওমার رحمه الله -এর ক্ষেত্রে এমনটিই ঘটেছে। আর ঐ সময়টাতে ইসলামের ব্যাপারে জাতিসংঘের এতো নিকৃষ্ট কর্মপরিকল্পনা সম্পর্কে অনেক

মুসলিমই অনবহিত ছিল। কিন্তু নতুন করে পশ্চিমারা মুসলিমদের দেশগুলোতে আগ্রাসন চালানোর পর বিষয়টি সবার সামনেই স্পষ্ট হয়ে যায়। যাইহোক, কিন্তু এবার তালেবান যখন জাতিসংঘে যাওয়ার আবেদন করল এবং একজন স্থায়ী প্রতিনিধি নিয়োগ করল তখনও আমরা দেখেছি তালেবানের অনুগত ডাক্তার যাওয়াহিরী জাতিসংঘে প্রবেশের কুফল সম্পর্কে সতর্ক করলেন। কিন্তু তার এ সতর্ক করাতে কোন লাভই হয়নি। জাতিসংঘে যাওয়ার ব্যাপারে তালেবান কোন নীতি-ই চেঞ্জ করেনি। বরং তালেবানের ঊর্ধ্বতন নেতাদের বক্তব্যে ও বিবৃতিতে জাতিসংঘ সম্মতি দিলে তালেবানের যোগদানের বিষয়টি আরো স্পষ্ট হচ্ছে। এমনকি সেই স্থায়ী প্রতিনিধি দিন কয়েক আগে এক সাক্ষাৎকারে বলেছে, জাতিসংঘে তাদের স্থানে যাওয়ার জন্য তারা জোড় প্রচেষ্টা চালাচ্ছে। তবে এখানে আরো একটি বিষয় হচ্ছে তালেবান ক্ষমতায় যাওয়ার আগে জাতিসংঘের প্রচারপত্র রক্ষা করার এবং জাতিসংঘের সাথে সুসম্পর্ক রাখার ঘোষণা দিয়েছে। জাতিসংঘের সবকিছুই শারীয়াহ বিরোধী–বিষয়টি ডাক্তার যাওয়াহিরীও তার বক্তব্যে উল্লেখ করেছেন। জাতিসংঘ যে একটি তাগুতী সংস্থা এতে তো কারো দ্বিমত নেই। তাহলে কিসের ভিত্তিতে তালেবান জাতিসংঘের সাথে সুসম্পর্ক রাখে? আপনি চিন্তা করুন– যারা সর্বত্র মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত এমন একটি কুফরি জোটের সাথে কিভাবে তালেবান সুসম্পর্ক বজায় রাখছে। এমনকি জাতিসংঘের সবচেয়ে নিকৃষ্ট একটি সংস্থা হচ্ছে ইউনেস্কো। এই ইউনেস্কো জাতিসংঘের সংস্কৃতি বিষয়ক একটি সংস্থা। অশ্লীলতা, যিনা-ব্যভিচার, নারী অধিকারের নামে মুসলিমা নারীদেরকে কুফরিতে লিপ্ত করাসহ আরো অনেক অপকর্মের প্রচারক হচ্ছে এই ইউনেস্কো। এই ইউনেস্কো আফগানিস্তানে এখনো কাজ করে যাচ্ছে। একটি লক্ষণীয় বিষয় হচ্ছে মোল্লা মুহাম্মাদ ওমার رحمه الله -এর তালেবান যখন ক্ষমতায় ছিল তখন তো আফগানিস্তানে জাতিসংঘের এতো আনাগোনা ছিল না। কিন্তু এখন কেন আফগানে জাতিসংঘের অফিস বিদ্যমান, তাদের কার্যক্রম বিদ্যমান?! আমরাও দেখি তালেবান জাতিসংঘের নারী প্রতিনিধিসহ অনেকের সাথে দফায় দফায় বৈঠক করে যাচ্ছে। অথচ তাদের উপর আবশ্যক ছিল পরিপূর্ণভাবে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধকারী, আল্লাহ ও তার রাসুলকে গালিদাতা, অশ্লীলতা-বেহায়াপনা প্রচারকারী এবং মুসলিমদেরকে রিদ্দায়

নিক্ষেপকারী এই কুফরি তাগুতী জাতিসংঘের থেকে বারা তথা সম্পর্কচ্ছেদের ঘোষণা করা। জাতিসংঘ একটি তাগুতী কুফরি সংস্থা এটা কি তালেবান জানে না? কিছুদিন পূর্বেই তো তালেবানের বিরুদ্ধে যুদ্ধে জাতিসংঘ মুখ্য ভূমিকা পালন করেছে এবং এখনো ইয়েমেন, সোমালিয়া, মালি, কঙ্গোতে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করছে। আল্লাহ তো এই সমস্ত তাগুতকে অস্বীকার করতে বলেছেন, বলেছেন তাদের সাথে শত্রুতা করতে। জাতিসংঘের সাথে সুসম্পর্ক করা কি কাফিরদের সাথে ওয়ালা করার অন্তর্ভুক্ত নয় এবং তাগুতকে অস্বীকার না করার অন্তর্ভুক্ত নয়? অথচ তালেবান জাতিসংঘে যোগ দিতে চাচ্ছে এবং তাদের পক্ষ থেকে একজন স্থায়ী প্রতিনিধি নিয়োগ দিয়েছে—যা সুস্পষ্ট কুফর।

শাইখ আবু হাফস আশ-শামী ﷾ বলেন, “আমরা জাতিসংঘ সংস্থার কুফরির দিকগুলো স্পষ্টভাবে বর্ণনা করেছি। তাই আমরা বলি, প্রত্যেক এমন ব্যক্তি যে এই সংস্থাকে সমর্থন করবে সে কাফির, প্রত্যেক এমন ব্যক্তি যে জাতিসংঘের চুক্তিপত্রের দিকে আহ্বান করে অথবা একে স্বীকৃতি দেয় বা তা মেনে চলে অথবা একে শ্রদ্ধা করার ঘোষণা দেয় সে একজন কাফির। এই মাস’আলাটি একটি গুরুত্বপূর্ণ মাস’আলা। প্রত্যেক এমন ব্যক্তি যে জাতিসংঘের চুক্তিপত্র শ্রদ্ধা করার ঘোষণা দেয় সে একজন কাফির। এটা ঐ ব্যক্তির মত যে কুফরকে শ্রদ্ধা করার এবং স্বীকৃতি দেয়ার ঘোষণা দেয়।”[78]

◆ বড় ফিতনা গ্রাস করেছে হাইবাতুল্লাহ’র তালেবানকে।

তালেবান কাতারে তাদের রাজনৈতিক অফিস খোলার পরে একটি সংবাদ সম্মেলন করে। সেই সম্মেলনে তালেবানের রাজনৈতিক অফিসের মুখপাত্র ড. নঈম বিবৃতি প্রদান করে। বিবৃতি প্রদানকালে ড. নঈম বলে, তালেবান আন্তর্জাতিক আইনকে শ্রদ্ধা করে। কিছু দিন পূর্বে তালেবানের মুখপাত্র জবিহুল্লাহ মুজাহিদ ফ্রান্স টুয়েন্টি ফোরকে দেয়া এক ভিডিও সাক্ষাৎকারে ফ্রান্সের সাথে সম্পর্ক তৈরির কথা প্রসঙ্গে বলেছে, “ফ্রান্সের সাথে আমরা আন্তর্জাতিক আইন অনুসারে বন্ধুত্বপূর্ণ

---

[78] দুরূসুন ফীত-তাওহীদ

সম্পর্ক করতে চাই।” এছাড়াও তালেবানের নেতাদের বিভিন্ন বিবৃতি ও সাক্ষাৎকারে আন্তর্জাতিক আইন স্বীকৃতি দেয়ার বিষয়টি উঠে এসেছে।

গেল কিছু দিন পূর্বে ফিলিস্তিনে ইসরাইলের নৃশংস হামলার প্রেক্ষিতে তালেবানের প্রধান বিচারপতি আব্দুল হাকিম হাক্কানী বিবৃতি দিয়েছে। সেই বিবৃতিতে তালেবানের প্রধান বিচারপতি বলেছে, “আমরা আন্তর্জাতিক আদালত ও ট্রাইব্যুনালকে আহ্বান জানাই, **তারা যেন দখলদার ইহুদিবাদী বাহিনীর বিরুদ্ধে** গুরুত্বের সাথে উপযুক্ত ব্যবস্থা নেয়। এই দখলদার বাহিনী সময়ের সাথে সাথে নিজেরাই নিজেদের বর্বরতাকে অতিক্রম করে যাচ্ছে।”[79] ইহুদীরা ফিলিস্তিনে মুসলিমদের উপর বর্বরোচিত নৃশংস নির্যাতন চালাচ্ছে। কিন্তু এই সমস্যা সমাধানের জন্য কি আন্তর্জাতিক আদলতের দ্বারস্থ হতে হবে?

আমরা সকলেই জানি যে, আন্তর্জাতিক আইন হচ্ছে কুফরি আইন। এই আইনের প্রণেতারা হচ্ছে কাফির। কিভাবে একজন ব্যক্তি কুফরি আইনকে শ্রদ্ধা করার কথা বলতে পারে! হারবী কাফিরদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তাও আবার তাদের আইন অনুসারে! আল্লাহর নিকট এর থেকে আশ্রয় চাই। তালেবানের পক্ষ থেকে এই আইনকে শ্রদ্ধা করার ঘোষণা কি এই আইনের প্রতি সন্তুষ্ট থাকা নয়? অথচ আমরা জানি যে, আহলুল ইলমগণ বর্ণনা করেছেন, “কুফরের প্রতি সন্তুষ্ট হওয়াও কুফর।” তাহলে তালেবান আজ কোন পথে হাটছে! কিভাবে তালেবানের প্রধান বিচারপতি আন্তর্জাতিক তাগুতী আদলতকে বিচার করার জন্য আহ্বান জানাতে পারে! শাইখ আবু হাফস আশ-শামী ﷾ বলেন, “এমনিভাবে প্রত্যেক এমন ব্যক্তি যে আন্তর্জাতিক আইনকে অথবা এর সিদ্ধান্তকে সমর্থন করবে বা এর সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য আহ্বান করবে সে কাফির। আমরা স্পষ্টভাবে বর্ণনা করেছি যে, আন্তর্জাতিক আইন হচ্ছে এমন পরিভাষা যার মাধ্যমে জাতিসংঘের সিদ্ধান্ত এবং নিরাপত্তা পরিষদের আইনসমূহকে উদ্দেশ্য করা হয়। তাই প্রত্যেক এমন ব্যক্তি যে আন্তর্জাতিক আইনকে এবং এর সিদ্ধান্তকে সমর্থন করবে অথবা এর সিদ্ধান্ত

[79] আল-ফিরদাউস নিউজ, তারিখ ০৬/১১/২০২৩ খ্রিষ্টাব্দ

বাস্তবায়নের জন্য আহ্বান করে সে একজন কাফির।”[80]

আবার কেউ কেউ বলে যে, “মাসলাহার কারণে তালেবান এই ধরনের বিবৃতি দিচ্ছে এতে কোন সমস্যা নেই।” শাইখ উসামা رحمه الله বলেন, “রাষ্ট্রের মাসলাহা থেকে শারীয়াহ’র মাসলাহা অনেক বড়।”[81] আমাদের বক্তব্য হবে সালাফগণের বক্তব্যের আলোকে। আমরা জানি যে, মাসলাহার কারণে কুফরি কথা বলা বৈধ নয়। যেমন ইবনুল কাইয়্যিম رحمه الله বলেন, “উম্মাহ’র মাঝে এব্যাপারে কোন মতপার্থক্য নেই যে, কোন মাসলাহা বা স্বার্থের কারণে কুফরি কথা বলার অনুমিত দেয়া জায়েয নেই। তবে যাকে বাধ্য করা হয় সে ব্যতীত যখন তার অন্তর ঈমানের প্রতি প্রশান্ত থাকে।”[82] তাহলে কি ড. নঈম আর জবিহুল্লাহ মুজাহিদসহ তালেবানের নেতারা আন্তর্জাতিক আইনকে শ্রদ্ধা করা এবং আন্তর্জাতিক আইন মেনে নেয়ার কথা বলতে বাধ্য হয়েছে? ইবনে তাইমিয়্যাহ বলেন, “শিরক করা, ইলমহীন আল্লাহর ব্যাপারে কথা বলা, প্রকাশ্য-অপ্রকাশ্য অশ্লীলতা এবং জুলুম—এগুলোর মধ্যে কোন মাসলাহা নেই।”[83]

সুতরাং যারা তালেবানের এই ধরনের কর্মকাণ্ডের ব্যাপারে মাসলাহার অজুহাত দেয় তাদের যুক্তি সালাফগণের বক্তব্য অনুসারে প্রত্যাখ্যাত। বাস্তবিকপক্ষে তালেবানও তাদের এই ধরনের কাজের ব্যাপারে মাসলাহার অজুহাত দেয় না।

- বড় ফিতনা গ্রাস করেছে তালেবানকে।

আমরা জানি যে, তালেবান মুশরিক রাফিদীদেরকে তাদের দলভুক্ত করেছে, তাদের নিরাপত্তা দিচ্ছে। এমনকি তালেবান রাফিদীদেরকে আশুরার নামে শিরকী উৎসব পালন করার অনুমতি দিচ্ছে এবং সেই উৎসব সফলভাবে পালন করার জন্য

---

80 দুরূসুন ফীত-তাওহীদ

81 খুতওয়াতুন আমালিয়্যাহ লি-তাহরীরি ফিলিস্তিন

82 ই’লামুল মুআক্কিয়ীনঃ ৩/১৭৮

83 মাজমুউল ফাতাওয়াঃ ১৪/৪৭৬

নিরাপত্তা দিচ্ছে। আর রাফিদীদের সেই আশুরা উৎসবে কী পালিত হয়? তারা সেই উৎসবে সাহাবীদেরকে গালি দেয়, উম্মুল মু'মিনীন আয়িশা رضي الله عنها কে ব্যভিচারিণী আখ্যায়িত করে তার প্রতিকৃতি বানিয়ে রজম করে, আলী এবং হুসাইন رضي الله عنهما -তাদের ইবাদাত করাসহ প্রভৃতি শিরকী বিষয় পালন করে। তারা ইসলাম থেকে বের হয়ে যাওয়া এক মুরতাদ সম্প্রদায়। রাফিদীদেরকে কাফির সাব্যস্ত করার ব্যাপারে আলেমগণের ইজমা রয়েছে। কিন্তু তালেবান রাফিদীদের এই সমস্ত শিরকী কর্মকাণ্ড অপসারণ বা উৎখাত তো করেই না উল্টো যারা সাহাবীদের গালিদাতা রাফিদীদের শিরকী কর্মকাণ্ড উৎখাত করার চেষ্টা করে তালেবান তাদেরকে হত্যা করে, বন্দি করে এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ করে। এরচেয়ে গুরুতর বিষয় হচ্ছে তালেবান এই রাফিদীদের আক্বীদাসমূহকে সম্মান করে–ওয়াল-ইয়াযু বিল্লাহ। তালেবান ঘোষণা দিয়েছে যে, রাফিদীরা তাদের আক্বীদাহ চর্চা করার ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন। তালেবানের উপপররাষ্ট্রমন্ত্রী শের আব্বাস স্টানিকজাই মিডিয়াকে দেয়া এক ভিডিও সাক্ষাৎকারে বলেছে, "আফগানিস্তানে জাফরী ফিক্বহের আমাদের শিয়া ভাইদের প্রতি, আমরা তাদের আক্বীদাহ এবং উসুলকে ইহতিরাম তথা সম্মান করি। আমরা তাদের উপর কখনো জুলুম করিনি এবং পূর্বেও তাদের সাথে আমাদের কোন সমস্যা ছিল না। আর এখনোও তাদের সাথে আমাদের কোন সমস্যা নেই। আমরা তাদেরকে নিরাপত্তার প্রতিশ্রুতি দিচ্ছি। আর তারা তাদের আক্বীদাহ চর্চার ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন। ধন্যবাদ।"

জাফরী শীয়ারা বারো ইমামে বিশ্বাসী রাফিদীদের অন্তর্ভুক্ত। এখানে আমাদের মূল বিষয় হচ্ছে - "আমরা তাদের আক্বীদাহ এবং উসুলকে সম্মান করি"–এই অংশটুকু। তালেবান রাফিদীদের আক্বীদাহ এবং উসুলকে সম্মান করে যা দ্বীন ভঙ্গকারী বিষয়ের অন্তর্ভুক্ত। এখন আমাদের রাফিদীদের কিছু আক্বীদাহ সম্পর্কে জানা প্রয়োজন। জাফরী শীয়ারা বারো ইমামে বিশ্বাসী রাফিদী। আর বারো ইমামে বিশ্বাসী রাফিদীদের অসংখ্য শিরকী আক্বীদাহ রয়েছে। যেমন তারা মনে করে আমাদের মাঝে বিদ্যমান পবিত্র কুরআন হচ্ছে বিকৃত। তারা মনে করে বিপাদপদে আলী এবং হুসাইন رضي الله عنهما তাদেরকে সাহায্য করে। রাফিদীরা মনে করে উম্মুল

মু'মিনীন আয়িশা رضي الله عنها হচ্ছে ব্যভিচারিণী–নাউজুবিল্লাহ। রাফিদীরা অধিকাংশ সাহাবীদেরকে তাকফীর করে। তারা সর্বদাই আবু বকর এবং ওমার رضي الله عنهما কে লা'নত করে। এছাড়াও রাফিদীদের আরো অনেক নিকৃষ্ট শিরকী আক্বীদাহ রয়েছে। কিভাবে তালেবান রাফিদীদের এই সমস্ত শিরকী আক্বীদাহসমূহকে ইহতিরাম করতে পারে? আর কিভাবেই বা যারা উম্মুল মু'মিনীন আয়িশা رضي الله عنها কে গালি দেয় তাদেরকে তালেবান ভাই বলে সম্বোধন করতে পারে? যারা সাহাবীদেরকে গালি দেয় তালেবান কিভাবে তাদের জন্য মুসলিম মুওয়াহহিদদেরকে হত্যা করে প্রতিশোধ গ্রহণ করে? তালেবানের গায়রত কি এতোটাই নিচে নেমে গেছে? নাকি উম্মুল মু'মিনীন আয়িশা সিদ্দীকা رضي الله عنها এবং সাহাবীদেরকে গালি দিলে তালেবানের গায়রতে লাগে না? গেল আশুরায় রাফিদীদের শিরকী অনুষ্ঠানে তালেবান ঘোষণা দিয়েছে, রাফিদীদের সাথে তাদের পার্থক্য শাখাগত মাজহাবী পার্থক্য। সুবহানাল্লাহ! যারা আলী رضي الله عنه কে ইলাহ সাব্যস্ত করে তাদের সাথে কি ইসলামের শাখাগত পার্থক্য? যারা মনে করে কুরআন বিকৃত তাদের সাথে কি মুসলিমদের দ্বীনের পার্থক্য শাখাগত? আল্লাহর কসম! কখনোই না। ইসলামের সাথে রাফিদীদের দ্বীনের পার্থক্য শাখাগত নয় পার্থক্য হচ্ছে মৌলিক পার্থক্য, পার্থক্য হচ্ছে ইসলাম ও কুফরের পার্থক্য। তাহলে কিভাবে তালেবান তাদের শিরকী কুফরি আক্বীদাহ ও উসুলকে সম্মান করতে পারে! কিভাবে তালেবান এই সকল শিরকী আক্বীদাহ চর্চার ক্ষেত্রে স্বাধীনতা দিতে পারে? আর কিভাবেই বা তালেবান রাফিদীদের শিরকী উৎসবগুলোকে বন্ধ না করে সেগুলোকে পালন করার জন্য নিরাপত্তা দিতে পারে? বরং যারা এই সমস্ত শিরকী কর্মকাণ্ড বন্ধ করতে চায়, যারা এই মুশরিক রাফিদীদের উৎখাত করতে চায় তালেবান তাদের বিরুদ্ধে যুদ্ধ করে!

শাইখ ফারিস আলু শুআইল আয-যাহরানী رحمه الله সৌদি শাসকদের তাকফীর করার কারণ উল্লেখ করতে গিয়ে বলেছেন, "তারা কাফির কারণ তারা শিরকে আকবার তথা বড় শিরকের অনুমোদন দেয়, এটি পরিবর্তন করার চেষ্টাও করে না এবং অন্য কাউকে এটি পরিবর্তনের সুযোগও দেয় না–এক্ষেত্রে সবচেয়ে বড় উদাহরণ হল যা মাসজিদে নববীতে ঘটেছে অপবিত্র রাফিদীদের কার্যক্রম।" অর্থাৎ

শাইখ যাহরানী ﷾ মাসজিদে নববীতে রাফিদীদের কার্যক্রম পরিচালনা করার অনুমতি দেওয়ার কারণে সৌদি শাসকদেরকে তাকফীর করার একটি কারণ হিসেবে উল্লেখ করেছেন। তালেবান কি কেবলমাত্র রাফিদীদেরকে তাদের কার্যক্রম করার অনুমতি দিচ্ছে? না, বরং তালেবান রাফিদীদের শিরকী উৎসবগুলোতে সশস্ত্র পাহারা দিচ্ছে। এরচেয়ে নিকৃষ্ট বিষয় হচ্ছে তালেবান যারা রাফিদীদের ভাই বলে সম্বোধন করে এবং মনে করে ইসলামের সাথে রাফিদীদের দ্বীনের পার্থক্য শাখাগত ফিক্বহী মাজহাবী পার্থক্য। এরচেয়েও আরো ভয়াবহ হচ্ছে রাফিদীদের শিরকী কুফরি আক্বীদাহ ও মূলনীতিসমূহকে তালেবানের পক্ষ থেকে সম্মান করার ঘোষণা দেওয়া। তালেবানের এ ঘোষণা দেওয়া কি সুস্পষ্ট কুফর নয়?

শাইখ সুলাইমান ইবনে আব্দুল্লাহ ইবনে আব্দুল ওয়াহহাব ﵀ বলেন, “কোন মানুষ যখন মুশরিকদের জন্য তাদের দ্বীনের ব্যাপারে সম্মতি প্রকাশ করবে–তাদের থেকে ভয়ের আশঙ্কা করে অথবা সৌজন্যমূলক আচরণ করে অথবা তাদের অনিষ্টতা প্রতিরোধ করার জন্য চাটুকারিতা করে তাহলে নিশ্চয়ই সে তাদের মত কাফির হয়ে যাবে। যদিও সে তাদের দ্বীনকে অপছন্দ করে, তাদের প্রতি বিদ্বেষ রাখে এবং ইসলাম ও মুসলিমদের ভালবাসে।”[84] তালেবান কি রাফিদীদের ভয়ে তাদের শিরকী আক্বীদাহ’কে সম্মান করার ঘোষণা দিয়েছে? রাফিদীদের আক্বীদাহ এবং উসুল যে শিরকী আক্বীদাহ ও উসুল এটা কি কোন মুসলিম অস্বীকার করতে পারবে?

এখন কেউ বলতে পারে যে, তালেবানের কয়েকজন নেতার বক্তব্য কি তালেবানের বক্তব্য হিসেবে ধরা হবে? হ্যাঁ, তালেবানের কয়েকজন নেতার বক্তব্য তালেবানের বক্তব্য হিসেবে ধরা হবে; কারণ দল বা রাষ্ট্র যখন কোন বিবৃতি প্রকাশ করে তখন সেই দল বা রাষ্ট্র তার কোন একজন কর্মকর্তার মাধ্যমে তা প্রকাশ করে। আর শের আব্বাস স্টানিকজাই একজন উপপররাষ্ট্রমন্ত্রী এবং সে এই বক্তব্য তালেবানের মন্ত্রীপরিষদের ব্যক্তিদের সামনে দিয়েছে। সুতরাং তার বক্তব্য তালেবানের বক্তব্যেরই প্রতিনিধিত্ব করে। আর তালেবান রাফিদীদের সম্পর্কে এই

[84] আদ-দালাঈল ফী হুকমি মুওয়ালাতি আহলিশ শিরক

ধরনের বক্তব্য বিগত কয়েকবছর আগ থেকেই দিয়ে আসছে। এছাড়াও তালেবানের কর্মকাণ্ডও শের আব্বাসের কথার প্রতিনিধিত্ব করে।

◆ বড় ফিতনা গ্রাস করেছে তালেবানকে।

প্রথমতঃ আমরা জানি যে, রাফিদীরা হচ্ছে মুরতাদ মুশরিক সম্প্রদায়। এব্যাপারে কোন ইখতিলাফ নেই। রাফিদীরা বারো ইমামে বিশ্বাসী। তাই তাদেরকে ইমামিয়্যাহও বলা হয়। তাদেরকে তাকফীরের ব্যাপারে সামআনী رحمه الله ইজমা উল্লেখ করেছেন। তিনি رحمه الله ‘আল-আনসাব’ গ্রন্থে বলেন, “ইমামিয়্যাদেরকে তাকফীর করার ব্যাপারে উম্মাহ একমত হয়েছে। কেননা ‘সাহাবীগণ পথভ্রষ্ট হয়েছেন’ তারা এই আক্বীদাহ পোষণ করে, তারা সাহাবীগণের ইজমাকে অস্বীকার করে এবং তারা সাহাবীগণকে এমন বিষয়ের সাথে সম্পৃক্ত করে যার যোগ্য তারা নয়।”

মুওয়াহহিদ মুজাহিদগণ যখন খোরাসানে মুশরিক রাফিদীদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করেন তখন তালেবান এই মুশরিকদের পক্ষ নিয়ে মুওয়াহহিদদের বিরুদ্ধে যুদ্ধ করে। উজবেক মুজাহিদ গ্রুপ দাওলাতুল ইসলামকে বাইআত দেওয়ার পূর্বে আফগানিস্তান থেকে কিছু মুশরিক রাফিদীদের বন্দি করে নিয়ে যায়। মুজাহিদদের উদ্দেশ্য ছিল এই রাফিদীদের বিনিময়ে আফগান সরকারের কাছ থেকে কিছু মুসলিম বন্দিদের মুক্ত করা। আফগান সরকার প্রায় ৯ মাস যাবৎ অভিযান চালিয়ে মুজাহিদদের কাছ থেকে সেই বন্দিদের মুক্ত করতে পারছিল না। তখন তালেবান নিজ উদ্যোগে রাফিদীদের সাথে মিলে উজবেক মুজাহিদদের আক্রমণ করে তাদেরকে এবং তাদের স্ত্রী-সন্তানদের হত্যা করে সেই মুশরিক রাফিদীদের মুক্ত করে। তালেবান এই কাজ করার পর নিজেদের ওয়েবসাইটে গর্বভরে প্রকাশ করে যে, আফগান সরকার যা ৯ মাস ধরে করতে পারেনি তালেবান তা ২৪ ঘণ্টার মধ্যে সম্পন্ন করেছে। আমরা জানি যে, রাফিদীরা হচ্ছে মুরতাদ মুশরিক সম্প্রদায়। কেউ কেউ মনে করে তালেবান হানাফী মাজহাবের অনুসরণ করে বিধায় তারা রাফিদীদের সাথে এমন আচরণ করে। আমরা পূর্বে রাফিদীদেরকে তাকফীরের ব্যাপারে ইজমা উল্লেখ করেছি যা ইমাম সামআনী বলেছেন। আর হানাফী মাজহাবের প্রসিদ্ধ মহান দুই ইমাম আবু হানীফা এবং আবু ইউসুফ رحمهما الله –তাদের

বক্তব্য এখানে উল্লেখ করছি। যখন ইমাম আবু হানীফার নিকট শীয়াদের কথা আলোচনা করা হত তখন তিনি সর্বদাই এ উক্তি পুনরাবৃত্তি করতেন, "যে ব্যক্তি এদের কুফরির ব্যাপারে সন্দেহ পোষণ করবে সে তাদের মতই একজন কাফির।"[85] কাযী আবু ইউসুফ رحمه الله বলেন, "আমি কোন জাহমিয়্যাহ'র পিছনে, কোন রাফিদীর পিছনে এবং কোন কাদেরিয়্যাহ'র পিছনে সালাত পরি না।"[86]

সুতরাং আহলুস সুন্নাহ'র সকল আলেমগণ একমত যে, রাফিদীরা কাফির মুশরিক। তাহলে তালেবান কিভাবে এই মুশরিকদের পক্ষে গিয়ে মুসলিমদের হত্যা করে! এটা কি মুসলিমদের বিরুদ্ধে মুশরিকদের সাহায্য করা নয়? যারা উম্মুল মু'মিনীন আয়িশা رضي الله عنها কে গালি দেয় এবং জাহান্নামী আখ্যায়িত করে তালেবান তাদের পক্ষে গিয়ে কিভাবে মুসলিমদের হত্যা করে, মুসলিমদের বিরুদ্ধে রাফিদীদের সাহায্য করে এবং এই রাফিদীদের পক্ষে মুসলিম মুওয়াহহিদদের থেকে প্রতিশোধ গ্রহণ করে?! তালেবানের এ কাজ কি মুওয়াহহিদ মুসলিমদের বিরুদ্ধে মুশরিক রাফিদীদের সাহায্য করার অন্তর্ভুক্ত নয়? আমরা আল্লাহর নিকট এ কুফর থেকে আশ্রয় চাই।

খোরাসানে দাওলাতুল ইসলামের মুজাহিদগণ যখন আফগানিস্তান-ইরান সীমান্তবর্তী অঞ্চলে অভিযান পরিচালনা করেন তখন ইরান তালেবানের সাথে দাওলাতুল ইসলামের বিরুদ্ধে একটি চুক্তি করে। সেই চুক্তির সারমর্ম ছিল এরূপঃ তালেবান দাওলাতুল ইসলামের মুজাহিদদের থেকে আফগানিস্তানের সাথে ইরানের লাগোয়া সীমান্ত নিরাপদ রাখবে আর ইরান এক্ষেত্রে তালেবানকে যুদ্ধাস্ত্র দিবে। এটা কি কল্পনা করা যায় যে, ইরানের মত এক নিকৃষ্টতম মুরতাদ রাষ্ট্রকে নিরাপদ রাখার জন্য তালেবান মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করবে আর এর বিনিময় হিসেবে তালেবান কিছু যুদ্ধাস্ত্র পাবে? ইরানের মাজুসীরা যে মুশরিক এব্যাপারে কোন মুসলিম কি সন্দিহান থাকতে পারে? আল্লাহর কসম! তালেবান এভাবেই রিদ্দায়

85 আল-কিফায়াহ

86 লালাকাঈ 'উসুলু ই'তিক্বাদী আহলিস সুন্নাহ ওয়াল-জামাআহ'তে বর্ণনা করেছেন।

পতিত হয়েছে। তারা মুশরিকদের পক্ষ নিয়ে মুসলিমদের হত্যা করছে।

দ্বিতীয়তঃ আমরা সকলেই জানি যে, তালেবান আমেরিকার সাথে কিছু শর্তের আলোকে চুক্তি করে আফগানিস্তানের ক্ষমতা পেয়েছে। সেই শর্তগুলোর অন্যতম একটি শর্ত ছিল, আফগানিস্তানের ভূমি ব্যবহার করে আমেরিকার ও তার মিত্রদের ক্ষতি করবে–তালেবান এমন কাউকে এব্যাপারে অনুমতি দিবে না এবং তালেবান আফগানিস্তান থেকে দাওলাতুল ইসলামের সৈনিকদের নিশ্চিহ্ন করবে। এই শর্তের উপর তালেবান কাজ করবে আর আমেরিকা আফগানিস্তান ছেড়ে চলে যাবে। বিষয়টি কি এমন নয় যে, যেই আফগানের ভূমি ব্যবহার করে শাইখ উসামা আমেরিকাকে আঘাত করেছিলেন আজ তালেবান সেই আফগানের ভূমি ব্যবহার করে কাউকে আমেরিকার উপর আঘাত হানতে দিবে না? পাশাপাশি যারা শাইখ উসামার মত আফগানের ভূমি ব্যবহার করে ইসলামের অন্যতম শত্রু আমেরিকা ও তার মিত্রদের ক্ষতি করবে তালেবান তাদেরকেই দমন করবে। আমরা জানি যে, আল-কায়দা শাইখ উসামা ﵀ -এর মৃত্যুর কয়েকবছর পরই খোরাসান শাখা বিলুপ্ত ঘোষণা করেছে। সুতরাং খোরাসানে আল-কায়দার নামে কোন কাজ হবে না। তালেবান সেই চুক্তিতে স্পষ্ট ভাষায় বলেছে, তারা আল-কায়দাকে আফগানের ভূমি ব্যবহার করতে দিবে না। এখন বাকি থেকে যায় দাওলাতুল ইসলাম। তালেবান এটাও স্পষ্ট করেছে যে, তারা দাওলাতুল ইসলামকেও আফগান ভূমি ব্যবহার করতে দিবে না–এটা কখন করেছে যখন তালেবানের হাতে পুরো আফগানের ভূমির কর্তৃত্ব নেই। তালেবান দাওলাতুল ইসলামের ব্যাপারে বাড়তি আরো একটি কয়েদ যুক্ত করেছে– তা হল, তালেবান আফগানিস্তান থেকে দাওলাতুল ইসলামকে নিশ্চিহ্ন করবে। একটু লক্ষ্য করুন! কাদের সাথে এই চুক্তি করেছে? তালেবান এই চুক্তি করেছে হারবী কাফিরদের সাথে–যারা আজ অব্দি পৃথিবীর বিভিন্ন প্রান্তে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করছে, তাদের কারাগারগুলোতে মুসলিমদেরকে বন্দি করছে, ফিলিস্তিনের মুসলিমদের বিরুদ্ধে ইহুদীদের সমর্থন দিচ্ছে এবং মুসলিমদের দেশগুলোতে তাগুত শাসকদের শেল্টার দিচ্ছে। চুক্তির অন্যতম শর্ত কী ছিল? চুক্তির অন্যতম শর্ত ছিল, যেসকল মুসলিমরা আল্লাহর যমীনে পরিপূর্ণ শারীয়াহ বাস্তবায়ন

করতে চায় এবং পূর্বে উল্লেখিত সিফাতে বৈশিষ্ট্যমণ্ডিত হারবী কাফির আমেরিকার ক্ষতি করতে চায় তালেবান তাদেরকে দমন করবে। তালেবান সেই শর্ত বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। আমরা দেখেছি, তালেবান যখন কাবুলের ক্ষমতা দখলে নিয়েছে তখন তালেবান কাবুলের কারাগার থেকে সকল বন্দিদের ছেড়ে দিয়েছিলো কেবলমাত্র দাওলাতুল ইসলামের মুজাহিদদের ব্যতীত। তালেবান যেদিন ক্ষমতা দখল করেছে এরপরের দিন দাওলাতুল ইসলামের একজন দায়িত্বশীলকে সবার সামনে হত্যা করেছে। সেই দায়িত্বশীলকে তো তালেবান বন্দি করেনি! তাহলে কী কারণে তালেবান তাকে হত্যা করেছে? কারণ তিনি ছিলেন দাওলাতুল ইসলামের একজন সৈনিক। আফসোস! তালেবানের কাছে রিদ্দায় পতিত আফগান সেনাবাহিনী, পুলিশ এবং আমেরিকার সহযোগীরা ক্ষমা পেয়ে যায় কিন্তু দাওলাতুল ইসলামের সৈনিকরা তালেবানের কাছে ক্ষমা পায়নি। হামিদ কারযাওয়ীর মত তাগুত, ইসলাম বিদ্বেষী ও শারীয়াহ বিরোধী আইন প্রণেতা নিরাপত্তা ও ক্ষমা পেয়ে যায় কিন্তু দাওলাতুল ইসলামের একজন সৈনিকও ক্ষমা পায় না! এর মূল কারণ হচ্ছে তালেবান দাওলাতুল ইসলামের সৈনিকদের ছেড়ে দিলে আমেরিকা নাখোশ হবে। আমেরিকার সাথে তালেবানের চুক্তির অন্যতম শর্তই ছিল তালেবান আফগানিস্তানে দাওলাতুল ইসলামকে দমন করবে। আমরা আমেরিকার সাথে তালেবানের চুক্তির এই শর্তের বিষয়টি কোথা থেকে জানতে পেরেছি? আমেরিকার মিডিয়া থেকে? কখনোই না। আমরা এগুলো তালেবানের ঊর্ধ্বতন কর্মকর্তা শের আব্বাস স্টানিকজাই, ড. নঈম, আব্দুস সালাম যাইফী, সুহাইল শাহীন, জবিহুল্লাহ মুজাহিদ, আমীর খান মুত্তাকী—এদের মুখ থেকেই জানতে পেরেছি। সুতরাং তালেবানের এ কাজ কি মুসলিমদের বিরুদ্ধে আমেরিকার সাথে সুস্পষ্ট ওয়ালা নয়? শাইখ উসামা বিন লাদিন رحمه الله আল-জাজিরা চ্যানেলকে দেয়া এক ভিডিও সাক্ষাৎকারে বলেছেন, “এমনকি কথার মাধ্যমে যে তাদের (ইহুদী-খ্রিষ্টানদের) সাহায্য করবে সে রিদ্দায় পতিত হবে যা রিদ্দায়ে জামিহার অন্তর্ভুক্ত—লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লাবিল্লাহ। এ কাজ কবিরাহ গুনাহের অন্তর্ভুক্ত নয়। এটা হল আল্লাহ سبحانه وتعالى -এর বিধান যার সুস্পষ্ট বর্ণনা আল্লাহ তা’আলার কিতাবে রয়েছে। আর এটা স্পষ্ট বিধানের একটি। প্রত্যেক ব্যক্তিই আপনি আমর বলেন বা যায়েদ বলেন তাতে আমাদের কিছু যায়

আসে না। আপনি হক্ব চিনতে পারলে হক্বপন্থিদের চিনতে পারবেন। ব্যক্তি দ্বারা হক্বকে চিনবেন না। এটা হল আল্লাহ ﷻ-এর কিতাব যা আমাদের নিকট প্রতিষ্ঠিত। যদি এর কোন বিষয়কে পরিবর্তন করার জন্য পুরো দুনিয়া ঝাঁপিয়ে পড়ে তাহলেও তা আমাদের কোন ক্ষতি করবে না এবং আমাদের প্রত্যয়ের কোন অংশই পরিবর্তন হবে না। হয় তা হক্ব হবে অথবা বাতিল হবে। হয় ইসলাম হবে নতুবা কুফর হবে।”

শাইখ উসামা رحمه الله বলেছেন, একটি কথার মাধ্যমেও যদি কেউ মুসলিমদের বিরুদ্ধে কাফিরদের সাহায্য করে তাহলে সেটা রিদ্দায়ে জামিহা হবে। তালেবান কিভাবে “মুসলিমদের হত্যা করবে” এই শর্ত রেখে আমেরিকার সাথে চুক্তি করতে পারে? কিভাবেই বা তালেবান মুসলিমদের বিরুদ্ধে রাফিদীদের সাহায্য করছে? সকল আহলুস সুন্নাহ’র মতে তো বারো ইমামে বিশ্বাসী রাফিদীরা কাফির মুশরিক। আর কিভাবেই বা তালেবান মাজুসী ইরানের সীমান্ত রক্ষা করতে গিয়ে মুসলিমদের হত্যা করে? আল্লাহর নিকট আমরা এর থেকে আশ্রয় চাই।

তালেবানের একজন উল্লেখযোগ্য আলেম শাইখ উস্তাদ ইয়াসির যিনি ২০০৯ সাল থেকে পাকিস্তান কারাগারে বন্দি রয়েছেন, তিনি বলেন, “(কুফফারদের ক্ষেত্রে) ইসলামের স্বতন্ত্র বিধান রয়েছে। হারবী কাফির হল তারা, যারা যেকোনোভাবে মুসলিমদের সাথে যুদ্ধে লিপ্ত। হারবী কাফির কারা? এমন কাফির যারা পৃথিবীর যেকোনো প্রান্তে মুসলিমদের সাথে যুদ্ধে লিপ্ত। তারা প্রত্যেক মুসলিমের জন্য হারবী কাফির হিসেবে বিবেচিত। তখন পৃথিবীর যেকোন প্রান্তে বসবাসরত মুসলিমের জন্য তাদের (হারবী কাফিরদের) সাথে মৈত্রী করার, তাদের সাথে চুক্তি করার, তাদেরকে সাহায্য করার, তাদেরকে অভিবাদন (সালাম) জানানোর, তাদের সাথে ব্যবসা করার, তাদের থেকে ক্রয়বিক্রয় করার অধিকার নেই। কেননা এইরকম কাফিররা হল যুদ্ধরত শত্রু, তাই তাদের সাথে শত্রুর মতই আচরণ করা হবে। যেমন- তাদেরকে যেখানেই পাওয়া যায় হত্যা করা হবে, তাদের রক্ত মুসলিমদের নিকট হালাল, তাদের সম্পদকে যুদ্ধের গনিমত হিসেবে নেওয়া হবে এবং তাদের পরিবারকে দাসদাসী হিসেবে গ্রহণ করা হবে। এগুলো (হারবী কাফিরদের ক্ষেত্রে) ইসলামের ফিক্বহী বিধান। তাই এই ধরনের কাফিরদের প্রতি নম্রতা দেখানো

ইসলামে হারাম। অন্যথায় এটা হবে মুসলিমদের জন্য আত্মসমর্পণ এবং পরাজয় মেনে নেওয়ার নামান্তর।” আর মোল্লা দাদুল্লাহ رحمه الله তো বলেছেন, যে আমেরিকা ও আফগান সরকারের সাথে চুক্তি করার কথা বলবে তাদের সাথে সাথে তার মাথাও কেটে ফেলা হবে।

আমরা দেখেছি, তালেবান যখন এই কুফরি শর্ত রেখে আমেরিকার সাথে চুক্তি সম্পন্ন করেছে তখন আল-কায়দার মত সংগঠন এই চুক্তিকে ফাতহে মুবীন বলে আখ্যায়িত করেছে। তারা এই চুক্তিকে মুশরিকদের সাথে রাসুল ﷺ -এর হুদাইবিয়ার সন্ধি চুক্তিকে তুলনা করে। অথচ আমরা জানি যে, হুদাইবিয়ার সন্ধি চুক্তি যে শর্তের আলোকে হয়েছিল সেগুলো কেবলমাত্র আল্লাহর রাসুল ﷺ -এর জন্য খাছ ছিল। আল্লাহর রাসুল ﷺ -এর পরে এই ধরনের চুক্তি আর কারো জন্য করা জায়েয নেই। এটা কি শুধুই আমাদের বক্তব্য? না, বরং এটা সালাফগণের বক্তব্য।

ইবনে হাযম رحمه الله আবু জান্দালের ঘটনা বর্ণনা করে বলেন, “নাবী ﷺ ঐ সময়ে মুসলিমদের মধ্য থেকে কাউকে কাফিরদের নিকট ফিরিয়ে দেননি তবে আল্লাহ عز وجل তাকে জানিয়ে দিয়েছেন যে, তারা তাদের দ্বীন ও দুনিয়ার ক্ষেত্রে ফিতনায় পতিত হবে না এবং তারা নিশ্চিতভাবেই মুক্তি পাবে।” অতঃপর তিনি নাবী ﷺ -এর উক্তি উল্লেখ করেন, “আমাদের মধ্য থেকে যে ব্যক্তি তাদের নিকট চলে যাবে আল্লাহ তাকে দূরে রাখবেন। আর তাদের মধ্য থেকে আমাদের নিকট যে আসবে আল্লাহ অচিরেই তার জন্য একটি উপায় ও সুযোগ তৈরি করে দিবেন।” ইবনে হাযম বলেন, “আল্লাহ عز وجل নাবী ﷺ -এর গুণ বর্ণনা করে বলেন,

وَمَا يَنطِقُ عَنِ الْهَوَىٰ ۝ إِنْ هُوَ إِلَّا وَحْيٌ يُوحَىٰ ۝

“আর তিনি মনগড়া কথা বলেন না। তা কেবলই ওহী, যা তার প্রতি ওহীরূপে প্রেরণ করা হয়।” আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, নাবী ﷺ -এর ঐ সংবাদ দেওয়া কুরাইশ কাফিরদের থেকে যে আসবে আল্লাহ তার জন্য অচিরেই একটি পথ ও উপায় তৈরি করে দিবেন—এটা আল্লাহর পক্ষ থেকে সত্য ওহী। তাই

সন্দেহাতীতভাবেই দুনিয়া ও আখিরাতের অপছন্দনীয় বিষয় থেকে ঐ ব্যক্তির জন্য নিরাপত্তা নিশ্চিত হয়েছে, যে তাদের মধ্য থেকে নাবীর নিকট আসবে। এমনকি কাফিরদের কবল থেকে তার মুক্তি হবে। একজন দূরদর্শী মুসলিম সন্দিহান হবে না। আর এটা এমন এক বিষয় যা নাবী ﷺ ব্যতীত মানুষের মধ্য থেকে কেউ জানবে না।” অতঃপর তিনি - অর্থাৎ ইবনে হাযম বলেন, “কোন মুসলিমের জন্য এই শর্তে শর্তযুক্ত করা বৈধ নয় এবং এই শর্ত পূরণ করাও বৈধ নয়। কারণ তার নিকট কোন ইলমুল গায়েব তথা অদৃশ্যের জ্ঞান নেই যা আল্লাহ তার রাসুলের প্রতি ওহী করেছিলেন।”[87] তার উক্তি শেষ।

এমনিভাবে কাযী আবু বকর ইবনে আরাবী رحمه الله বলেন, “যে ব্যক্তি মুসলিম হবে তাকে তাদের নিকট ফিরিয়ে দেওয়া হবে–এই চুক্তি করা নাবী ﷺ -এর পরে কারো জন্য জায়েয নেই। আল্লাহ এটাকে তার জন্য জায়েয করেছিলেন কারণ তিনি এব্যাপারে হিকমাহ জানতেন এবং মাসলাহার কারণে ফায়সালা করেছেন।”[88]

কিভাবে আল-কায়দা এই ধরনের চুক্তিকে হুদাইবিয়ার সাথে তুলনা দিতে পারে? যেখানে চুক্তির অন্যতম শর্তই ছিল মুসলিম মুওয়াহহিদদের বিরুদ্ধে যুদ্ধ করা।

এখন কেউ কেউ দাওলাতুল ইসলামের বিরুদ্ধে অপবাদ দিয়ে বলে থাকে যে, দাওলাতুল ইসলাম আসলী কাফিরদের সাথেও চুক্তি করার বিরোধী, অথচ ইসলামে তো আসলী কাফিরদের সাথে চুক্তির কথা বলা আছে। আর আমেরিকা হচ্ছে আসলী কাফির। সুতরাং এখানে সমস্যা কোথায়?

দাওলাতুল ইসলাম প্রথমত কুরআন ও সুন্নাহ’র বক্তব্যকে অনুসরণ করে। এরপর কুরআন এবং সুন্নাহ’র বুঝ থেকে নেওয়া সালাফগণের বক্তব্যকে অনুসরণ করে। আর এই শতাব্দীর জিহাদের ময়দানে আমাদের সালাফ হচ্ছে শাইখ উসামা,

---

87 আল-ইহকাম ফী-উছুলিল আহকামঃ ৫/২৬

88 আহকামুল কুরআন লি ইবনে আরাবীঃ ৪/২৩১

আবু মুসআব আয-যারক্বাওয়ী, আনওয়ার আল-আওলাক্বী, আবু ইয়াহইয়া আল-লিব্বী এবং মোস্তফা আবুল ইয়াযীদের মত তারকা সদৃশ ব্যক্তিরা। আল-কায়দার প্রথম সারির অন্যতম একজন হলেন মোস্তফা আবুল ইয়াযীদ ﷺ - মোস্তফা আবুল ইয়াযীদ ﷺ কে সেই একই প্রশ্ন করা হয়েছিলো। সাংবাদিক শাইখকে জিজ্ঞাসা করেছিল, "আপনি কি মনে করেন, আমেরিকার সাথে আল-কায়দার আলোচনার মাধ্যমে যুদ্ধ বন্ধ হওয়া সম্ভব?" শাইখ বললেন, "কেন সম্ভব হবে না। আমেরিকা যখন আমাদের শর্তগুলো মেনে নিবে। আর সেগুলো হলঃ

- তারা মুসলিমদের দেশগুলো থেকে বের হয়ে যাবে।
- তারা ফিলিস্তিনে দখলদার ঘোরাওকারী ইহুদীদেরকে সমর্থন দেওয়া বন্ধ করবে।
- তারা মুসলিমদের দেশগুলোতে অবস্থানরত মুরতাদ সরকারদেরকে সমর্থন করা বন্ধ করবে।
- তাদের কারাগারগুলো থেকে বন্দিদের মুক্তি দিবে।

যখন তারা এ শর্তগুলো মেনে নিবে তখন আমাদের মাঝে আর তাদের মাঝে যুদ্ধ বন্ধ হবে। কিন্তু এটা স্থায়ী সময়ের জন্য হবে না। অর্থাৎ সন্ধি হবে যেমন ধরুন দশ বছরের জন্য। আর আমরা তখন থেকে তাদেরকে ইসলামের দিকে আহ্বান করব। যদি তারা ইসলাম গ্রহণ করে তাহলে চিরকালের জন্য আমাদের মাঝে এবং তাদের মাঝে যুদ্ধ বন্ধ হয়ে যাবে। আর যদি তারা ইসলাম গ্রহণ না করে - আর আমরা দাওলাতুল ইসলাম, দাওলাতুল খিলাফাহ প্রতিষ্ঠা করার চেষ্টা করে যাচ্ছি ইনশা'আল্লাহ। অতঃপর আমরা তাদেরকে নতুন করে আবার ইসলামের দিকে আহ্বান করব। যদি তারা ইসলাম গ্রহণ না করে তখন আমরা তাদেরকে ইসলামের হুকুম জিযয়া প্রদানে বাধ্য করব। আর ইসলামের এই পদ্ধতিতেই আমেরিকানদের সাথে এবং অন্যদের সাথে সন্ধি হবে। আমরা মনে করি না যে, তারা এ বিষয়টি অনুধাবন করবে। আর উম্মাতে ইসলামের উপর আবশ্যক হচ্ছে তারা এই পথকেই গ্রহণ করবে– তা হচ্ছে শক্তি অর্জন করা এবং আল্লাহ ﷻ -এর পথে জিহাদ

করা।”[89] এটাই ছিল আল-কায়দা। আর এরাই ছিল আল-কায়দার প্রথম প্রজন্ম এবং নক্ষত্ররাজি। দাওলাতুল ইসলাম এদের মত নক্ষত্ররাজিদেরকেই অনুসরণ করে। কিন্তু আফসোস! আজকের আল-কায়দা কোথায় গেল! আমেরিকা কি মুসলিমদের দেশগুলোতে হামলা চালানো বন্ধ করেছে? আজো আমেরিকা ইরাক, শাম, ইয়েমেন, সোমালিয়াতে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করে যাচ্ছে। আমেরিকা কি ফিলিস্তিনের দখলদার ইহুদীদের সমর্থন দেওয়া বন্ধ করেছে? নাকি এখনো আমেরিকা ইহুদীদের পক্ষে সমর্থন দিয়েই যাচ্ছে। মুসলিমদের দেশগুলোতে অবস্থানরত মুরতাদ শাসকদের সমর্থন দেওয়া কি আমেরিকা বন্ধ করেছে? নাকি সবমসময় তাদের সমর্থন করেই যাচ্ছে! তাহলে কিসের ভিত্তিতে তালেবান আমেরিকার সাথে চুক্তি করল? আর কোন শারয়ী নীতির আলোকে আল-কায়দা এই চুক্তিকে ফাতহে মুবীন বলল?!

আমরা দেখেছি, তালেবান আমেরিকার সাথে চুক্তি করার পরপরই আল-কায়দার সর্বোচ্চ নেতৃত্ব থেকে একটি বিবৃতি প্রকাশ করে যেখানে তারা তালেবানের এই চুক্তিকে ফাতহে মুবীন হিসেবে উল্লেখ করেছে। তাহলে শাইখ উসামা এবং মোস্তফা আবুল ইয়াযীদের আল-কায়দা আর যাওয়াহিরী এবং সাইফ আল-আদেলের আল-কায়দার মাঝে তো বিস্তর ফারাক পরিলক্ষিত হয়! আমরা শাইখ উসামার এবং মোস্তফা আবুল ইয়াযীদের আল-কায়দাকেই অনুসরণ করি। তাইতো আমরাও বলি, আমেরিকা যতদিন ফিলিস্তিনে ইহুদীদের পক্ষে সমর্থন দিবে, যতদিন আমেরিকা মুসলিমদের কোন একটি ভূখণ্ডে হামলা চলমান রাখবে এবং মুসলিমদের দেশগুলোতে তাগুত মুরতাদ সরকারদের সমর্থন দিতে থাকবে ততদিন আমরা আমেরিকার সাথে যুদ্ধ করেই যাবো এবং তাদের সাথে কোন চুক্তি হবে না। আর যেদিন আমেরিকা ফিলিস্তিনে ইহুদীদের পক্ষে সমর্থন দেওয়া বন্ধ করবে, মুসলিমদের উপর হামলা বন্ধ করবে এবং মুরতাদ সরকারদেরকে সমর্থন দেওয়া বন্ধ করবে সেদিনই আমরা তাদের সাথে যুদ্ধ বন্ধ করব এবং সন্ধি চুক্তি নিয়ে আলোচনা করব। কারণ এটাই ইসলামের নির্দেশনা। আল-কায়দার কর্মপন্থাও

[89] আল-জাজিরা চ্যানেলকে দেওয়া শাইখ মোস্তফা আবুল ইয়াযীদের সাক্ষাৎকার

এমনই ছিল। কিন্তু ডাক্তার যাওয়াহিরী শাইখ উসামার আল-কায়দাকে কোথায় নিয়ে গেল!

সুতরাং দাওলাতুল ইসলাম আসলী কাফিরদের সাথে সন্ধি চুক্তি তখনই করবে যখন সেটা সকল শারয়ী শর্ত পালন করবে। কিন্তু আল-কায়দার উমারা তালেবানের মত শারীয়াহ বহির্ভূত পদ্ধতিতে কুফরি শর্ত মেনে নিয়ে সন্ধি চুক্তির পক্ষে নয়। আল্লাহর নিকট এ থেকে আমরা আশ্রয় চাই।

◆ বড় ফিতনা গ্রাস করেছে তালেবানকে।

আলা-ওয়ালা ওয়াল-বারা তথা আল্লাহর জন্য সম্পর্ক করা এবং আল্লাহর জন্য সম্পর্কচ্ছেদ করা ঈমানের অবিচ্ছেদ্য একটি অংশ। সম্পর্ক ও বন্ধুত্ব হবে মু'মিন মুসলিমদের সাথে। আর সম্পর্কচ্ছেদ ও শত্রুতা হবে কাফিরদের সাথে। আমরা দেখেছি, তালেবান আফগানিস্তানের ক্ষমতা দখলের পূর্ব থেকে একটি ঘোষণা দিয়ে আসছে যে, তালেবান আফগানিস্তানের প্রতিবেশী রাষ্ট্রসমূহের সাথে পারস্পারিক শ্রদ্ধার ভিত্তিতে সুসম্পর্ক বজায় রাখতে চায়। একে তো হচ্ছে সুসম্পর্ক এর উপর আবার ‘পারস্পারিক শ্রদ্ধার ভিত্তিতে’। আফগানিস্তানের প্রতিবেশী রাষ্ট্রগুলোর মধ্যে রয়েছে চীন, রাশিয়া, পাকিস্তান, ইরান, ভারত, তাজিকিস্তান, উজবেকিস্তানসহ আরো কিছু দেশ। আমরা আরো দেখি, তালেবান ক্ষমতা দখলের পর মিডিয়াতে তালেবানের নেতারা চীন, রাশিয়া, ভারত, ফ্রান্স, আমেরিকাসহ প্রভৃতি রাষ্ট্রের সাথে সুসম্পর্ক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ার ঘোষণা দিয়ে আসছে। আর তালেবান নেতারা বলছে, এটা তাদের রাষ্ট্রের স্ট্র্যাটেজির অন্তর্ভুক্ত। অর্থাৎ তালেবান বর্তমান আধুনিক রাষ্ট্রগুলোর মত এই বিষয়টা তাদের রাষ্ট্রের পররাষ্ট্রনীতির অন্তর্ভুক্ত করেছে যে, তারা সকল রাষ্ট্রের সাথে পারস্পারিক শ্রদ্ধার ভিত্তিতে সুসম্পর্ক বজায় রাখতে চায়। এর বড় প্রমাণ হচ্ছে মিডিয়াতে তালেবানের কোন নেতাকে যেকোনো রাষ্ট্রের ব্যাপারে জিজ্ঞাসা করলেই তারা নির্দ্বিধায় বলছে, অমুক রাষ্ট্র আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ আমরা তাদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে চাই। যেমনটি বলেছে, ভারত, ফ্রান্স, আমেরিকা, চীন, রাশিয়া ও অন্যান্য রাষ্ট্রের ব্যাপারে।

এখানে লক্ষ্যণীয় বিষয় হচ্ছে পূর্বে যে রাষ্ট্রগুলোর কথা বলা হয়েছে তারা সবাই হারবী কাফির। প্রতিটি রাষ্ট্রই মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধকারী। উইঘুর মুসলিমদের প্রতি চীনের বর্বর ইতিহাস কে না জানে?! চীন তো এখনো উইঘুর মুসলিমদের উপর বর্বরোচিত নির্যাতন চালাচ্ছে। কিভাবে তালেবান চীনের সাথে এতো গভীর সম্পর্ক স্থাপন করতে পারে? আমরা জানি যে, হারবী আসলী কাফির রাষ্ট্রগুলোর মধ্যে চীনের সাথে তালেবানের সবচেয়ে বেশি ভালো সম্পর্ক রয়েছে। অথচ তালেবানের উচিৎ ছিল চীনের সাথে সর্বপ্রথম উইঘুর মুসলিমদের নিরাপত্তা নিয়ে আলোচনা করা। আমরা আব্বাসী খিলাফাহ’র সময়ের কথা জানি যে, তারা যখন রোমের সাথে কোন চুক্তি করতেন তখন তারা কনস্টান্টিনোপলে অবস্থানরত মুসলিমদের নিরাপত্তার বিষয়টি সর্বাগ্রে রাখতেন। আজ তালেবান চীনের সাথে বহুবিধ চুক্তি করছে কিন্তু নির্যাতিত নিপীড়িত উইঘুর মুসলিমদের নিরাপত্তা নিয়ে কোন আলোচনাই তালেবান করছে না। বরং এই কাপুরুষ তালেবান উইঘুর মুসলিমদের ব্যাপারে কোন হস্তক্ষেপ করবে না—সেই বিষয়টি চীনকে জানিয়ে দিয়েছে। এছাড়াও ভারত এবং রাশিয়ার ক্ষেত্রে তালেবান একই কর্মপন্থা ব্যবহার করছে। এখানে সবচেয়ে গুরুতর বিষয় হচ্ছে এই সকল হারবী আসলী কাফির রাষ্ট্রের সাথে তালেবানের পারস্পারিক শ্রদ্ধার ভিত্তিতে সুসম্পর্ক বজায় রাখা এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ার ঘোষণা দেয়া। আমেরিকা আফগানিস্তান থেকে চলে যাওয়ার পূর্বে যদি মুসলিমদের দেশগুলোর কোন মুরতাদ সরকার আমেরিকার সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ার ঘোষণা দিত আমরা দেখেছি তখন আল-কায়দার শাইখরা এটাকে “মু’মিনদের বাদ দিয়ে কাফিরদের বন্ধুরূপে গ্রহণ করা” হিসেবে আখ্যায়িত করত। কিন্তু আজ তালেবান যখন মুসলিমদের নির্যাতনকারী হত্যাকারী চীন, রাশিয়া, ভারত, ফ্রান্স ও আমেরিকার সাথে পারস্পারিক শ্রদ্ধার ভিত্তিতে সুসম্পর্ক তৈরি করা এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ার ঘোষণা দিয়ে তা বাস্তবায়ন করছে তখন বর্তমান আল-কায়দার শাইখরা মুখে কুলুপ এঁটে বসে আছে। বরং তাদের কেউ কেউ এটাকে জায়েয করার জন্য উঠেপড়ে লেগেছে। আমেরিকাই কি কেবল মুসলিমদের নির্যাতনকারী ও হত্যাকারী এবং হারবী কাফির? চীন, রাশিয়া ও ভারত কি মুসলিমদের নির্যাতনকারী, হত্যাকারী এবং হারবী কাফির নয়? নাকি হারবী কাফির

হওয়া না হওয়া তালেবানের বিরুদ্ধে যুদ্ধ করার উপর নির্ভর করে?

এই তো কয়েকবছর পূর্বেও ভারতীয় উপমহাদেশের আল-কায়দার সাবেক মুখপাত্র এবং বর্তমান আমীর উসামা মাহমুদ পাকিস্তানে চীনের বাণিজ্যিক বিনিয়োগের প্রতিক্রিয়াস্বরূপ ‘চীন বন্ধু নয়!’ শিরোনামে বই লিখেছেন। সেই বইটিতে তিনি বলেছেন পূর্ব তুর্কিস্তান তথা উইঘুর মুসলিমদের নির্যাতনকারী চীনের সাথে এই বাণিজ্যিক সম্পর্ক চীনের একটি আগ্রাসন এবং উইঘুর মুসলিমদের বাদ দিয়ে চীনের কমিউনিস্টদের সাথে বন্ধুত্ব করার নামান্তর। উসামা মাহমুদ বলেছেন, “চীনারা ভালো ভাবে জানে যে ইসলাম তাদের সংস্কৃতিকে কখনো মেনে নেবে না। তাদের নিকৃষ্ট সংস্কৃতি ইসলামের সম্পূর্ণ বিপরীত। তাদের ঠিকই জানা আছে যে, একটি হলো আগুন এবং আরেকটি হলো পানির মতো।

এ দুইয়ের মাঝে সামান্য একটি বিষয়েও সামঞ্জস্যতা নেই। এই কারণেই এখন তাদের লক্ষ্য শুধু ব্যবসা নয়। এখানে তাদের সৈন্যদের অবস্থান করানো, চীনা ভাষা শিখানো, চীনা রীতিনীতির প্রচলন করা, চীনা মুভির ডাবিং করা, চীনা স্কুল-কলেজের আধিক্যতা অর্জন করা, সেবার নামে চীনা মেয়েদের চাকুরীর সুযোগ করে দেওয়া ইত্যাদি।

মোটকথা, দেশ ও সংস্কৃতিকে নিয়ন্ত্রণে নেওয়ার জন্য তারা সর্বদিক দিয়ে আগ্রাসী আক্রমণ পরিচালনা করছে। কোন দিকই বাদ রাখছে না। **এসকল পরিমণ্ডলে চীনাদের অনুপ্রবেশকে কেউ যদি শুধু ব্যবসা ও অর্থনীতির চোখে দেখে, তাহলে তার চক্ষু ডাক্তার দেখানো ছাড়া উপায় নেই।**

আমরা মানি বা না মানি এটা অবশ্যই ইসলামের বিরুদ্ধে চীনাদের সাংস্কৃতিক আগ্রাসন। যেভাবে ইংরেজরা ব্যবসার (ইস্ট ইন্ডিয়া কোম্পানি) রূপ ধারণ করে প্রথমে দেশের শাসন ক্ষমতা নিয়ন্ত্রণে নিয়েছে। অতঃপর দেশের শিক্ষা-দীক্ষা, নিয়ম-কানুন সবকিছুই নিজেদের হাতে নিয়ে ফেলেছ। অবশেষে তারা পুরো দেশকে নিজেদের হাতে পরিবর্তন পরিবর্ধন করে নিজেদের জন্য এক নতুন প্রজন্মের রূপ দিয়েছে। ঠিক একইরকম ভাবে ব্যবসা ও অর্থনীতির সাহায্য সহযোগিতার নাম

দিয়ে নতুন এক ষড়যন্ত্রের জাল ফেলা হয়েছে। এখন পাক-চীন চুক্তির মাধ্যমে উন্নতি ও অগ্রগতির কোন বালাই নেই, বরং এতে উন্নতি ও অগ্রগতিকে নিয়ন্ত্রণে নেওয়া হচ্ছে। এবং এই মহাসড়ক দিয়েই চীনা নাস্তিকতা ও নিকৃষ্ট চীনা-সংস্কৃতি চলে আসছে।

